

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।

১৯.০০.০০০০.১১১.৪০.৩৪৩.২০/২৬২৪

১২ অক্টোবর ২০২১

প্রেরক: মোহাম্মদ আল আলেকমুল ইমাম
পরিচালক (সংস্থাপন)

প্রাপক: জনাব মোঃ শাকিল শাহরিয়ার
রাষ্ট্রাচার উপ-প্রধান (মিশন সার্ভিস)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয়: মহামান্য রাষ্ট্রপতির আসন্ন যুক্তরাজ্য সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১৫ - ২৫ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত লন্ডন সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মহামান্য রাষ্ট্রপতির আসন্ন যুক্তরাজ্য সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১৫ - ২৫ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত (ভ্রমণের সময় ব্যতীত) লন্ডন সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:


- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে;
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- গ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে;
- ঘ) আপনি আগামী ১৪ অক্টোবর ২০২১ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে লন্ডন-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৫ অক্টোবর ২০২১ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করবেন;
- ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ আল আলেকমুল ইমাম)
২২/১০/২০২১
পরিচালক (সংস্থাপন)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইউ/কনসুলার/পররাষ্ট্র সচিবের দপ্তর)/ রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (তহবিল/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৬। দূতালয় প্রধান, বাংলাদেশ হাই কমিশন, লন্ডন।
- ৭। অফিস কপি।


১২/১০/২০২১
(মোঃ মাহসুদুল হক)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোনঃ ০২-২২৩৩৮৪০৭৮
ইমেইলঃ p1@mofa.gov.bd